

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫১৮১

আগরতলা, ১৩ মার্চ, ২০২৪

উদয়পুরে পিএম-সূর্য্য জাতীয় পোর্টালের সূচনা অনুষ্ঠানে রাজ্যপাল
পিএম-সূর্য্য প্রকল্প পশ্চাদপদ শ্রেণীর মানুষের কল্যাণে গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে



প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ বিকেলে প্রধানমন্ত্রী সামাজিক উত্থান ও রোজগার আধারিত জনকল্যাণ কর্মসূচিতে পিএম-সূর্য্য জাতীয় পোর্টালের সূচনা করেন। এই অনুষ্ঠানটি আজ বিকেলে গোমতী জেলার রাজর্ষি টাউন হলে ভার্চুয়ালি সম্প্রচার করা হয়। এই সম্প্রচার অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন গোমতী জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি দেবল দেব রায়, উদয়পুর পুর পরিষদের চেয়ারপার্সন শীতল চন্দ্র মজুমদার, জেলাশাসক তডিৎ কান্তি চাকমা প্রমুখ।

কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রকের উদ্যোগে এই পোর্টালের সূচনা অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে রাজ্যপাল বলেন, পিএম-সূর্য্য প্রকল্প পশ্চাদপদ শ্রেণীর মানুষের কল্যাণে গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে। সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রক সমাজের সকল অংশের মানুষের উন্নয়নকে অগ্রাধিকার দিয়েছে। তাছাড়াও দুর্বল ও পশ্চাদপদ শ্রেণীর ছাত্রছাত্রীদের স্কলারশিপ, এসসি/ওবিসি এবং সাফাই কর্মচারীদের জন্য শিক্ষার সুযোগ করে দিতে কাজ করছে। তাদের ক্ষমতায়নে সহজ শর্তে ঋণের ব্যবস্থা করা হয়েছে। রাজ্যপাল বলেন, সাফাই কর্মীরা হচ্ছেন সমাজের সবচেয়ে দুর্বল শ্রেণীর লোক যাদের সবচেয়ে কম সামাজিক সুরক্ষার সুবিধা রয়েছে এবং তারা জীবনের ঝুঁকি নিয়ে অস্বাস্থ্যকর পরিস্থিতিতে কাজ করে। এই পোর্টাল চালু হওয়াতে তারাই বেশি লাভবান হবেন। অনুষ্ঠানে রাজ্যপাল উদয়পুর পুর পরিষদের আওতাধীন সাফাই কর্মীদের হাতে পিপিই কিট, নমস্কে আয়ুস্মান কার্ড ইত্যাদি তুলে দেন।
